# ALL INDIA RADIO, SILCHAR

*****************

## <u>EVENING BULLETIN</u> : <u>BENGALI</u>

## Date:- 08-04-2024

## *Time: 19:45-19:55 Hrs*

**-------------------------------------**

১) দ্বিতীয় পর্যায়ের লোকসভা নির্বাচনের মনোনয়ন প্রত্যাহারের আজ শেষ দিন/ এই পর্যায়ে রাজ্যের ৫ টি আসনে ৬৪ জন প্রার্থীর প্রতিদ্বন্দিতা।

২) প্রথম পর্যায়ের নির্বাচনের জন্য বিজেপি সহ অন্যান্য রাজনৈতিক দলগুলির প্রচারাভিযান জোরদার / কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের ডিব্রুগড় ও শোনিতপুরে প্রচারাভিযানে অংশগ্রহন/ দলীয় প্রার্থীর হয়ে আম আদমি পার্টির নেত্রী অতিশীর দুলিয়াজানে রোড শো-তে অংশগ্রহন।

৩) লোকসভা নির্বাচনের জন্য অসম জাতীয় পরিষদের নির্বাচনী ইস্তাহার প্রকাশ।

এবং

৪) নাগরিকত্ব সংশোধনী আইন কার্যকর করার ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের জারি করা বিজ্ঞপ্তির বৈধতা সম্পর্কে আগামীকাল সুপ্রিম কোর্টে শুনানি গ্রহন।

---------------------------------------------------------------------------

লোকসভা নির্বাচনের দ্বিতীয় পর্যায়ের মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ দিনে আজ রাজ্যে একজন প্রার্থী মনোনয়ন প্রত্যাহার করার ফলে এই পর্যায়ে ৬৪ জন প্রার্থীর প্রতিদ্বন্দিতা করা নিশ্চিত হয়েছে । আজ ডিফু আসনে একজন প্রার্থী মনোনয়ন প্রত্যাহার করেছেন । উল্লেখ্য দ্বিতীয় পর্যায়ে শিলচর করিমগঞ্জ দরং - ওদালগুড়ি ডিফু ও নগাও আসনের জন্য ৬৫ জন প্রার্থীর মনোনয়ন পত্র বৈধ বলে ঘোষনা করা হয়েছিল । এই পর্যায়ে বিজেপির হয়ে শিলচর আসনে পরিমল শুক্লবৈদ্য , করিমগঞ্জে কৃপানাথ মালাহ , দরং - ওদালগুরিতে সাংসদ দিলীপ শইকিয়া , নগাও এ সুরেশ বরা ও ডিফুতে অমর সিং প্রতিদ্বন্দিতা করবেন ।অন্যদিকে নগাও এ কংগ্রেস দলের প্রদ্যুৎ বরদলৈ , শিলচরে সূর্যকান্ত সরকার , করিমগঞ্জে হাফিজ রশিদ আহমেদ চৌধুরী , দরং - ওদালগুরিতে মাধব রাজবংশী
, ডিফুতে জয়রাম ইংলেং প্রতিদ্বন্দিতায় রয়েছেন ।এই পর্যায়ে শিলচরে তৃণমূল কংংগ্রেসের প্রার্থী প্রাক্তন সাংসদ রাধেশ্যাম বিশ্বাস , ওদালগুরিতে বিপিএফের দুর্গাদাস বড়ো ও করিমগঞ্জে এ আই ইউ ডি এফের নেতা সাহাবুল ইসলাম চৌধুরী প্রতিদ্বন্দিতায় রয়েছেন ।

---

লোকসভার পাঁচটি আসনের জন্য আসামে অনুষ্ঠেয় প্রথম পর্যায়ের নির্বাচনের প্রচার অভিযান জোরদার হয়ে উঠেছে । প্রবীন বিজেপি নেতা তথা কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আগামীকাল ডিব্রুগড় ও শোনিতপুরে আয়োজিত জনসভায় অংশ নেবেন ।জনসভায় মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা ও ডিব্রুগড় লোকসভা আসনের প্রার্থী তথা কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল উপস্থিত থাকবেন ।

আম আদমী দলের নেত্রী অতিশী ডিব্রুগড়ের দুলিয়াজানে আয়োজিত রোড শোতে অংশ গ্রহণ করেছেন ।নেত্রী ডিব্রুগড় ও শোনিতপুর লোকসভা আসনের দলীয় প্রার্থী মনোজ ধানোয়ার ও ঋষিরাজ কৌন্দিন্যর হয়ে প্রচার করেছেন ।আগামীকাল তিনি তিনসুকিয়ায় সংবাদ মাধ্যমের সংগে মত বিনিময় করা সহ মার্ঘেরিটায় মটর সাইকেল মিছিল ও নির্বাচনী সভায় অংশ নেবেন ।

আগামীকাল কংগ্রেসের রাজ্য সভাপতি ভূপেন বরা , জাতীয় মুখ্য সম্পাদক জীতেন্দ্র সিং ও যোরহাট লোকসভা আসনের প্রার্থী তথা সাংসদ গৌরব গগৈ বিভিন্ন স্থানে নির্বাচনী প্রচার অভিযানে অংশ নেবেন ।

বিজেপির নেতা তথা মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা আজ চরাইদেউ জেলার সোণারি বিধানসভা কেন্দ্রে যোরহাট লোকসভা আসনের প্রার্থী তপন কুমার গগৈর হয়ে প্রচার চালান ।মুখ্যমন্ত্রী জেলার সাপেখাটি উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত সংকল্প সমাবেশে অংশ গ্রহণ করেন ।মুখমন্ত্রী তার ভাষনে বর্তমান সরকার কন্যাশিশুর শিক্ষার উপর বিশেষ গুরুত্ব আরোপ করছে বলে উল্লেখ করেন । ড: শর্মা আজ শিবসাগরে যুবদল প্রেক্ষাগৃহে আয়োজিত বিজেপির একটি সাংগঠনিক সভায় অংশ গ্রহণ করেন ।এই সভায় দলের নির্বাচনী রণকৌশল নিয়ে আলোচনা করা হয় ।সাংবাদিকদের সংগে কথাবার্তার সময় মুখ্যমন্ত্রী রাজ্যের ১৪ টি আসনের মধ্যে দুটি আসনে প্রতিদ্বন্দিতা হবে বলে মন্তব্য করেন । ডিব্রুগড় আসনের প্রার্থী কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল আজ নবগঠিত মাকুম বিধানসভা কেন্দ্রে প্রচারে অংশ গ্রহণ করেন ।এদিকে ঐ আসনের বিরোধী ঐক্যমঞ্চের প্রার্থী তথা অসম জাতীয় পরিষদের সভাপতি লুরিণজ্যোতি গগৈ আজ মার্ঘেরিটা বিধানসভা কেন্দ্রে বেশ কয়েকটি প্রচার সভায় অংশ গ্রহণ করেন ।তৃতীয় পর্যায়ের নির্বাচনের জন্য গৌহাটী আসনের প্রার্থী বিজুলী কলিতা মেধি আজ মহানগরের বিভিন্ন অঞ্চলে বেশ কয়েকটি প্রচার কার্যসূচীতে অংশ নেন । ঐ আসনে কংগ্রেস দলের প্রার্থী মীরা বরঠাকুর আজ গোয়ালপারা জেলার বিভিন্ন স্থানে প্রচার চালান । এদিকে মন্ত্রী পীযুষ হাজারিকা আজ যোরহাট জেলার টীয়ক চাবাগানে দলীয় প্রার্থীর হয়ে প্রচারে অংশ গ্রহণ করেন ।

এদিকে বরাক উপত্যকার তিনজেলায় ও ক্ষমতাসীন বিজেপি , বিরোধী কংগ্রেস , তৃণমূল কংগ্রেস সহ আন্যান্য রাজনৈতিক দলগুলি প্রচার অভিযান অব্যাহত রেখেছে ।

---

আসাম পুলিশ অপরাধিদের বিরুদ্ধে তৎকালীন ব্যবস্থা গ্রহণ করার জন্য শীঘ্র ১০২ সেবা আরম্ভ করবে ।টোল ফ্রি এই নম্বরে ফোন করলে আসাম পুলিশের

লোক ঘরে গিয়ে অভিযোগের ভিত্তিতে এজাহার গ্রহণ করবে ।গতকাল দেরগাঁওয়ে নির্বাচনী প্রচার সভায় অংশগ্রহণ করে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা একথা বলেন ।তিনি বলেন যে পুলিশের ১০২ সেবার হেড কোয়ার্টার দেরগাঁওয়ে স্থাপন করার প্রস্তাব করা হয়েছে ।এই সেবা প্রবর্তন করা হলে জনসাধারণকে এজাহার দাখিল করার জন্য থানায় যেতে হবেনা বলে উল্লেখ করে মুখ্যমন্ত্রী বলেন যে চুরি , ডাকাতির মতো ঘটনার ক্ষেত্রেও এই ১০২ সেবায় ফোন করলে পুলিশ ঘটনাস্থলে পৌছবে ।

---

লোকসভা নির্বাচনের অংশ হিসেবে আজ করিমগঞ্জ জেলার কানিশাইল ও নিলামবাজারে জাতীয় কংগ্রসের দুটি নির্বাচনী কার্যালয় উদ্বোধন করা হয় । উদ্বোধনী সভায় করিমগঞ্জ লোকসভা আসনের কংগ্রস প্রার্থী হাফিজ রশিদ চৌধুরী , প্রাক্তন মন্ত্রী আব্দুল মুক্তাদির চৌধুরী প্রমুখ উপস্থিত ছিলেন ।

অন্যদিকে জেলার নগেন্দ্র নগর জিপিতে আয়োজিত নির্বাচনী জনসভায় ভারতীয় জনতা পার্টির মনোনীত প্রার্থী কৃপানাথ মালাহ-র সমর্থনে রাতাবাড়ীর বিধায়ক তথা বিজেপি নেতা বিজয় মালাকার এক জনসমাবেশে অংশ গ্রহণ করে প্রার্থীর হয়ে প্রচার চালান ।

---

লোকসভা নির্বাচনের জন্য অসম জাতীয় পরিষদ আজ ডিব্রুগড়ে তাদের নির্বাচনী ইস্তাহার প্রকাশ করেছে ।এই ইস্তাহারে মুলতঃ ডিব্রুগড় লোকসভা আসনের কিছু বিশেষ সমস্যা সমাধান তথা উন্নয়নের জন্য সংকল্প গ্রহণ করা হয়েছে । ইস্তাহারে অসমীয়া তথা রাজ্যের অন্যান্য স্থানীয় জনগোষ্ঠির ভাষিক , সাংস্কৃতিক ঐতিহ্য সুরক্ষার প্রসঙ্গ সংসদে উপস্থাপন করা সহ এইগুলি রূপায়ন করার ক্ষেত্রে জনমত গড়ে তোলার প্রতিশ্রুতি প্রদান করা হয়েছে ।এছাড়া ইস্তাহারে সীমান্ত সুরক্ষা , ত্রুটিবিহীন জাতীয় নাগরিকপঞ্জী প্রস্তুত করা ইত্যাদি প্রতিশ্রুতি প্রদান করা হয়েছে ।উল্লেখ্য দলটি ১৪ টি লোকসভা আসনের মধ্যে ডিব্রুগড় আসনে লুরিনজ্যোতি গগৈকে প্রার্থী করেছে ।

---

নাগরিকত্ব সংশোধনী আইন (সি এ এ ) কার্যকর করার ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের জারি করা বিজ্ঞপ্তির বৈধতা সম্পর্কে আগামীকাল সুপ্রিমকোর্টে শুনানি গ্রহণ করা হবে ।কেন্দ্রীয় সরকারের গত ১১ ই মার্চ জারি করা নির্দেশাবলী স্থগিত রাখতে আসাম সম্মিলিত মহাসংঘ সহ বিভিন্ন পক্ষের দাখিল করা ২০ টি আবেদনের পরিপ্রেক্ষিতে এই শুনানি গ্রহণ করা হবে । উল্লেখ্য সুপ্রিম কোর্টে নাগরিকত্ব সংশোধনী আইনের বিরুদ্ধে ২৩৭ টি মামলা বিচারিধীন রয়েছে ।

---------------------------------------------------------------------------

আসাম লোকসেবা আয়োগে সংগঠিত পরীক্ষা কেলেংকারী সম্পর্কে বিশেষ তদন্তকারী গোষ্ঠী অনুসন্ধান আব্যাহত রেখেছে । সেই অনুয়ী আজ বিশেষ ঐ গৌষ্ঠি উলুবারীর অপরাধ অনুসন্ধান বিভাগের কার্যালয়ে ২০১৩ সালের পরীক্ষার দায়িত্বে নিয়োজিত সাত জন নিরীক্ষকের ভাষ্য গ্রহণ করে । বিশেষ করে পরীক্ষার উত্তরপত্রে  থাকা সাক্ষর সম্পর্কে তদন্তকারী আধিকারিক নিরীক্ষক কয়েকজন থেকে তথ্য সংগ্রহ করেন ।উল্লেখ্য আগে পরীক্ষা সম্পর্কে তদন্তকারী গোষ্ঠী বেশ কয়েকজন গেজেটেড অফিসারকে জেরা করেছিল ।

---------------------------------------------------------------------------

করিমগঞ্জ জেলার মহিলা ভোট গ্রহণ কর্মী পরিচালিত ভোট কেন্দ্রের প্রিসাইডিং ও পোলিং অফিসারদের প্রশিক্ষণ দিতে আগামীকাল করিমগঞ্জ বিরজা সুন্দরী গার্লস হাইস্কুলে এক প্রশিক্ষণ শিবিরের আয়োজন করা হয়েছে ।আগামীকাল বেলা ১১ টা থেকে দুপুর ২ টা পর্যন্ত চারটি কক্ষে এই প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে ।এতে ১৭ জন প্রিসাইডিং অফিসার , ১৮ জন ফাস্ট পোলিং অফিসার , ২০ জন সেকেন্ড পোলিং অফিসার ও ২১ জন থার্ড পোলিং অফিসার প্রশিক্ষণ গ্রহণ করবেন বলে পার্সনাল ও ট্রেনিং সেলএর পক্ষ থেকে জানানো হয়েছে ।এই প্রশিক্ষণে সবার উপস্থিতি বাধ্যতামূলক বলে করিমগঞ্জের জেলা আয়ুক্ত ও জেলা নির্বাচন আধিকারীক এক আদেশে জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------

আসন্ন লোকসভা নির্বাচনে ভোট গ্রহণ কেন্দ্রে দুই ব্যালট ইউনিটের ব্যবহারের বিষয় নিয়ে আগামী শনিবার হাইলাকান্দিতে এক বিশেষ প্রশিক্ষণ শিবিরের আয়োজন করা হয়েছে ।হাইলাকান্দির অতিরিক্ত আয়ুক্ত তথঅ লোকসভা

নির্বাচনের পার্স্যেনাল সেলের অফিসার ইনচার্জ ত্রিদীব রায় এক বিজ্ঞপ্তিতে জেলার সব স্থানীয় কার্যালয় ও প্রতিষ্ঠানের প্রধানদের তাদের অধস্তন কর্মচারীদের হেড কোয়ার্টার ছেড়ে বাইরে কোথাও যেতে নিষেধ করতে বলেছেন ।অতিরিক্ত আয়ুক্ত জানান আগামী শনিবার দুই ব্যালট ইউনিটের ব্যবহার সম্পর্কে বিশেষ প্রশিক্ষণে অংশগ্রহণ করার জন্য সমস্ত প্রিসাইডিং অফিসার , ফাস্ট পোলিং অফিসার , জোনাল অফিসার , সেক্টর অফিসারদের পত্র প্রেরণ করা হচ্ছে ।

--------------------------------------------------------------------------------

কাছাড় জেলা প্রশাসনের এস ভি ই ই পি সেলের উদ্যোগে আজ বড়খলা উন্নয়ন খন্ডের সম্মেলন কক্ষে ভোটার সচেতনতা সভা অনুষ্ঠিত হয়েছে । সভায় নেহরু যুব কেন্দ্রের উপ-সঞ্চালক মেহেবুব আলম লস্কর ভোটদান প্রক্রিয়া সর্ম্পকে বিস্তৃত আলোচনা করেছেন । এছাড়া বড়খলা খন্ড উন্নয়ন আধিকারীক আইনুল হক মোল্লা ভোট দান সর্ম্পকে জেলা প্রশাসন কতৃক গ্রহন করা বিভিন্ন পদক্ষেপ নিয়ে আলোচনা করেন ।

--------------------------------------------------------------------------------

রাষ্ট্রীয় শৈক্ষিক অনুসন্ধান এবং প্রশিক্ষণ পরিষদ ( এন সি ই আর টি) শৈক্ষিক নিয়মাবলীর স্বর্ত লংঘন সম্পর্কে পরামর্শমূলক সতর্কতা জারি করেছে ।এন সি আর টি’র পক্ষ থেকে প্রকাশ করা বিজ্ঞপ্তি অনুযায়ি কোন ব্যক্তি বা সংস্থা যাবতীয় অনুমতি ছাড়া পরিষদের দ্বারা প্রকাশিত পাঠ্যবই সমুহের বিষয়বস্তু ব্যবসায়িক উদ্দেশ্যে ব্যবহার করতে পারবে না । এই নিয়ম লংঘন করলে আইন অনুযায়ি ব্যবস্থা গ্রহণ করা হবে ।এন সি ই আর টি অবৈধভাবে তাদের নিয়মাবলী সংযোজন করে কোন সংস্থার প্রকাশ করা পাঠ্যবই ব্যবহার না করতে জনসাধারণের প্রতি আহ্বান জানিয়েছে ।এছাড়া কোন ব্যক্তি এধরণের পাঠ্যবইয়ের বিষয়ে অবগত হলে তাৎক্ষণিক ভাবে পরিষদকে জানাতে অনুরোধ জানিয়েছে ।

--------------------------------------------------------------------------------

কাছাড় জেলার বিভিন্ন স্থানে ঝড় ও শিলাবৃষ্টির তান্ডবে ক্ষতিগ্রস্থ পরিবারগুলোকে আর্থিক সহায়তা প্রদান করার দাবীতে আজ এস ইউ সি আই

( কমিউনিস্ট) দলের কাছাড় জেলা কমিটির পক্ষ থেকে জেলা আয়ুক্তের কাছে একটি স্মারকপত্র প্রদান করা হয়েছে ।স্মারকপত্রে ঝড় ও শিলাবৃষ্টিতে ক্ষতিগ্রস্থ লোকেদের ক্ষয়ক্ষতির পরিমান নিরূপন করে ক্ষতিপূরণ প্রদান করা ও বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক অবস্থায় ফিরিয়ে আনার দাবী জানানো হয়েছে ।

---

লায়ন্স ক্লাব অব লালার উদ্যোগে এবং হাইলাকান্দি জেলা অন্ধত্ব নিবারনী সমিতির সহযোগীতায় গতকাল লালা চন্দ্রপুর বাইপাস সংলগ্ন লায়ন্স ভিশন সেন্টারে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হয়েছে । শিবিরে প্রায় ৫০ জন রোগীর চোখ পরীক্ষা করা হয়েছে ।

---